গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩. ৩৬৪৬ তারিখঃ-২৩/১০/২০২৩খ্রিঃ।

বিষয়ঃ- লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট বাতিল প্রসংগে।

সূত্রঃ- ১। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকার স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.১১৮.২১.২৬৭০ তাং- ০৩/১০/২০২৩খ্রিঃ।
২। অত্র দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩.৩০০৯ তাং- ১০/০৯/২০২৩খ্রিঃ।
৩। বন্যপ্রাণী পরিদর্শক এর স্মারক নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২৩.৯২ তাং- ০৭/০৯/২০২৩খ্রিঃ।
৪। বন্যপ্রাণী পরিদর্শক এর স্মারক নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২৩.৯৫ তাং- ০১/১০/২০২৩খ্রিঃ।
৫। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর এর স্মারক নং- ২২.০১.০০০০.১০৭.২৩.০০০.২০২৩.২২০ তাং- ০১/১০/২০২৩খ্রিঃ।
৬। অত্র দপ্তরের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩.৩৫৬৯ তাং- ১০/১০/২০২৩খ্রিঃ।
৭। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকার স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.১১৮.২১.২৯৩০ তাং- ২২/১০/২০২৩খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর আলোকে আপনার নামে অত্র বন বিভাগ হতে লাইসেন্স নং- ২৭ তাং- ০৮/০৯/২০২১ ও পজেশন সার্টিফিকেট নং- ২৫ তাং- ০৮/০৯/২০২১ ইস্যু করা হয়।

বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা মহোদয়ের দপ্তর হতে স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.১০৭.২১.১৮২৫ তাং- ২৬/০৭/২০২৩খ্রিঃ মূলে ৪৪টি সাইটিস- ২ পোষা পাখি আমদানীর অনাপত্তি প্রদান করা হয়।

উক্ত অনাপত্তি পত্রের বিপরীতে আমদানীকৃত ৩৬টি পাখির মধ্যে ৩১টি এন.ও.সি বর্হিভূত পাখি সনাক্ত করা হয় যা ঘোষনা/অনাপত্তি বর্হিভূত পন্য যা কাষ্টম আইন বর্হিভূত। উক্ত এন.ও.সি বর্হিভূত বিভিন্ন প্রজাতির ৩১টি পাখির বিষয়ে কমিশনার, কাষ্টম হাউজ, ঢাকা কর্তৃক মেসার্স কাশভি এন্টারপ্রাইজ (জনাব কিশোর মিত্র ওঝা), সাং- ১১৭/এ, রোড নং- ০৩, প্লট নং- ১০, মিরপুর, ঢাকা এবং মেসার্স কাশফুল শিপিং লিঃ, সাউথ গোয়াইন, দক্ষিণখান, ঢাকাকে কাষ্টমস আইন, ১৯৬৯ এর ধারা ১৬ ও ৩২ লঙ্ঘন করায় আপনার প্রতিষ্ঠানকে ২,৭৮,৯৬,০৬৬/- (দুই কোটি আটাত্তর লক্ষ ছিয়ানব্বই হাজার ছেষট্টি টাকা) অর্থদন্ড ও বিমোচন জরিমানা আদায় করা হয়।

গত ৩০/০৯/২০২৩খ্রিঃ তারিখে আপনার সি.এস. দাগ নং- ২৪, আশুলিয়া, সাভার, খামারটি নিয়মিত মনিটরিং করার লক্ষ্যে অত্র বন বিভাগের সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, সহকারী বন সংরক্ষক, গাজীপুর, বন্যপ্রাণী পরিদর্শক ও টহল দল সহ সরজমিনে পরিদর্শন করেন এবং জানান যে আপনি লাভলী ওয়ার্ল্ড এনভারমেন্ট নামে লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট গ্রহণ ও নবায়ন করেছিলেন। কিন্তু আপনি কাশভি এন্টারপ্রাইজ নামে বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল মহোদয়ের দপ্তর হতে এন.ও.সি. গ্রহণ করে পাখি আমদানী করে থাকেন। এছাড়াও টহল দল কর্তৃক খামার পরিদর্শন কালিন সময়ে বিভিন্ন প্রজাতীর ৬৫টি পোষা পাখি দেখতে পান। খামারের কর্মচারীদ্বয়ের নিকট বিভিন্ন প্রজাতীর ৬৫টি পাখির উৎস ও প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে বলা হলে তারা কাগজপত্র দেখাতে পারেন নি এবং খামারের তথ্য সংরক্ষিত রেজিষ্টার (ফরম ঞ ও ঠ) বা প্রতিবেদন দেখাতে ব্যর্থ হয়। যা পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর বিধি ১২ এর (১) এবং বিধি ১৩ লঙ্ঘন করা হয়েছে।

আপনি গত ৩১/০৮/২০২৩খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় সাইপ্রাস হতে এন.ও.সি বর্হিভূত পাখি আমদানী করে বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ ও পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ এর বিধি ১৫(ক) ও (খ) লঙ্ঘন করা সহ বিভিন্ন প্রজাতীর ৬৫টি পাখির উৎস সম্পর্কে জানাতে না পারায় এবং খামারের রেজিষ্টার সংরক্ষণে ব্যর্থ হওয়ায় আপনার নামে অত্র দপ্তর হতে ইস্যুকৃত পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স নং- ২৭ তাং- ০৮/০৯/২০২১ ও পজেশন সার্টিফিকেট নং- ২৫ তাং- ০৮/০৯/২০২১ সূত্রোক্ত ১ ও ৭ নং স্মারকের নির্দেশ মোতাবেক অত্র পত্র জারীর তারিখ হতে বাতিল করা হলো। আপনার নামে ইস্যুকৃত লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট অত্র বন বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো। এই পত্র জারীর পর হতে আপনি মেসার্স লাভলী ওয়ার্ল্ড এনভারমেন্ট বা মেসার্স কাশভি এন্টারপ্রাইজ এর নামে কোন প্রকার খামার পরিচালনা বা পোষা পাখি আমদানী করতে পারবেন না।

চলমান পাতা- ০২

পাতা নং- ০২।

উল্লেখ্য আপনার খামারে বিদ্যমান পাখি বিক্রয় ব্যতীত অন্য কোন খাঁচায় পোষা বিদেশি পাখি ক্রয়, বিক্রয়, আমদানি করা যাবে না।

২৬/১০/২০২৩
(শারমীন আক্তার)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।
২৬/১০/২০২৩

প্রাপকঃ- জনাব কিশোর মিত্র ওঝা
মেসার্স কাশভি এন্টারপ্রাইজ/
লাভলী ওয়ার্ল্ড এনভারমেন্ট
পিতা- শ্রী বিনয় ভূষন ওঝা
বর্তমান ঠিকানা- ২৫১ এলিফ্যান্ট রোড
ধানমন্ডি, ঢাকা
ও
স্থায়ী ঠিকানা- শ্রীধরদী, পোঃ- এনায়েত নগর
নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩. ৩৬৮৬

তারিখঃ ২৬/১০/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিম্মোক্ত মহলে প্রেরণ করা হলোঃ-

১। প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা। এই প্রসংগে ১ ও ৭ নং সূত্রোক্ত স্মারক উল্লেখ্য।
৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী, ১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
৪। কমিশনার অব কাষ্টমস, কাষ্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
৭। সহকারী পরিচালক, (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৮। সহকারী বন সংরক্ষক, ঢাকা সদর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
৯। সহকারী বন সংরক্ষক, গাজীপুর, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা।
১০। মিজ রুবিয়া ইসলাম, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা। উক্ত খামার এর কার্যক্রম নিয়মিত মনিটরিং সহ খামারি যাতে পরবর্তীতে সংশ্লিষ্ট খামার ও সংশ্লিষ্ট ব্যক্তির নামে নতুন করে লাইসেন্স গ্রহণ করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১১। মিজ নিগার সুলতানা, বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা। উক্ত খামার এর কার্যক্রম নিয়মিত মনিটরিং সহ খামারি যাতে পরবর্তীতে সংশ্লিষ্ট খামার ও সংশ্লিষ্ট ব্যক্তির নামে নতুন করে লাইসেন্স গ্রহণ করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৬/১০/২০২৩
(শারমীন আক্তার)
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা- ১২১২।
২৬/১০/২০২৩